Cosmo School

# সততার পুরস্কার

## শ্রেণি: ৬

## বাংলা প্রথম

১. **সংক্ষিপ্ত প্রশ্ন**

১) মুহম্মদ শহীদুল্লাহ সম্পাদিত শিশু পত্রিকাটির নাম কী?
২) নূর শব্দের অর্থ কী?
৩) মুহম্মদ শহীদুল্লাহ কোন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভ করেন?
৪) ছদ্মবেশী ফেরেশতা নিজেকে কী বলে পরিচয় দিয়েছিলেন?
৫) বেজার শব্দের অর্থ কী?
৬) টাকওয়ালা লোকটি কী চাইলেন?
৭) ফেরেশতা কারা?
৮) ফেরেশতা প্রথমে কার কাছে এসেছিলেন?
৯) সততার পুরস্কার গল্পের মূলকথা কী?
১০) মুহম্মদ শহীদুল্লাহ কত সালে জন্ম গ্রহণ ও কত সালে মৃত্যুবরণ করেন?
১১) সততার পুরস্কার গল্পটি কোথা থেকে নেয়া হয়েছে?
১২) সর্বাঙ্গ অর্থ কী?
১৩) মুহম্মদ শহীদুল্লাহ রচিত কয়েকটি রচনার নাম লিখ।
১৪) বাংলা ভাষার আঞ্চলিক অভিধান কার সম্পাদনা?
১৫) মুহম্মদ শহীদুল্লাহ পেশায় কী ছিলেন?

**অনুধাবন প্রশ্ন:**

*ক)* কিভাবে তিন ইহুদির ভাগ্যের পরিবর্তন ঘটে? ব্যাখ্যা কর।
*খ)* এসব তো আমার বরাবরই আছে' উক্তিটি ব্যাখ্যা কর।
*গ)* তোমার জিনিস তোমারই থাক' ফেরেশতা একথা কেন বলেছেন? ব্যাখ্যা কর।

১. রহিম, করিম ও জামাল তিন ভাই। জামাল ছিল সৎ এবং নীতিবান।অন্যদিকে তার ভাই রহিম ও করিম ছিল অসৎ, লোভী। তারা কাউকে উপকার করত না। কেউ উপকার করলেও তা স্বীকার করত না। সবাই তাদের ঘৃণা করত। সৎ জামালকে সবাই বিশ্বাস করত এবং ভালোবাসত।

*ক)* 'সততার পুরস্কার' গল্পের লেখক কে?
*খ)* স্বর্গীয় ব্যক্তিটি অন্ধ লোকটিকে কেন পুরস্কৃত করল?
*গ)* উদ্দীপকের জামাল এ সাথে 'সততার পুরস্কার'গল্পের অন্ধ লোকটির সাদৃশ্য দেখাও।
*ঘ)* সৎ ব্যক্তিকে সবাই ভালোবাসে এবং বিশ্বাস করে'-এই উক্তির যথার্থতা মূল্যায়ণ কর 'সততার পুরস্কার' গল্পের আলোকে।

২. বর বাজারে এক তাঁতি ছিল । তার অনেক বড় দোকান ছিল। তাঁতির এক পরিচিত লোক ছিল নাম সাজিদ। লোকটি অসহায় জমিজমা হীন । লোকটি তাঁতিকে বলল "আমি যদি আপনর মত একজন বড় ব্যবসায়ী হতে পারতাম। তাঁতি তখন সাজিদকে কিছু টাকা দেয় এবং বলে এই টাকা দিয়ে তুমি ব্যবসা শুরু কর। পরে তুমি আমাকে টাকা ফেরত দিও। কয়েক বছর পর এক দুর্ঘটনায় তাঁতি তার তার সর্বস্ব হারিয়ে ফেলল। তাঁতি তখন সাজিদের কাছে তার টাকাটা ফেরত চায়। কিন্তু সাজিদ তাকে টাকা দিতে অস্বীকার করে। তাঁতি তখন তাকে তার উপকারের কথা মনে করিয়ে দিলে সে বলল, তার ব্যবসার জন্য কেউ তাকে সাহায্য করেনি, সে তার মেধা আর বুদ্ধি দিয়ে এত বড় ব্যবসায়ী হয়েছে।

*ক)* 'সততার পুরস্কার' গল্পের লেখক কে?

*খ)* ‘এসব তো আমার বরাবরই আছে’- এ উক্তিটিতে কী মনোভাব প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর।

*গ)* উদ্দীপকের সাজিদের চরিত্রের সাথে ‘সততার পুরস্কার’ গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

*ঘ)* “উদ্দীপকটি ‘সততার পুরস্কার’ গল্পের সম্পূর্ণ ভাবের ধারণ করতে পারেনি”– মন্তব্যটি বিশ্লেষণ কর।

- শব্দার্থ:
- লেখক পরিচিতি
- পাঠ পরিচিতি

} রিভিশন

# জন্মভূমি
## রবীন্দ্রনাথ ঠাকুর

- **শব্দার্থ**
- **কবি পরিচিতি**
- **পাঠ পরিচিতি**

**সৃজনশীল প্রশ্ন:**

১। ‘আবার আসিব ফিরে ধানসিঁড়ি নদীটির তীরে- এই বাংলায়
হয়তো মানুষ নয় হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে,
হয়তো ভোরের কাক হয়ে কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়।

ক) জন্মভূমি কবিতাটি কে রচনা করেছেন?

খ) ‘ওই আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে’।- ব্যাখ্যা কর।

গ) ‘উদ্দীপকের মূলভাব জন্মভূমি কবিতার মূলভাব মূলত জন্মভূমির সৌন্দর্যকে উপস্থাপন করে’। ব্যাখ্যা কর।

ঘ) ‘উদ্দীপকের কবি ও ‘জন্মভূমি’ কবিতার কবির চেতনায় রয়েছে এক বৈপরীত্য।”- বিশ্লেষণ কর।

২। আলম খানের ঘরবাড়ি নদীভাঙনে বিলীন হয়ে যায়। সরকার তাকে শহরে একটি ফ্ল্যাট দেওয়ার প্রস্তাব দেয়। কিন্তু আলম খান সে প্রস্তাব প্রত্যাখ্যান করে। সে গ্রাম ছেড়ে কোথাও যাবে না। গ্রামের সৌন্দর্য তাকে মুগ্ধ করে। আলম খানের ইচ্ছা মৃত্যুর পরে তাকে যেন তার নিজের গ্রামের কবরস্থানে সমাহিত করা হয়।

ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে জন্মগ্রহণ করেন?

খ) "জন্মভূমির সূর্যের আলোতে কবির প্রথম চোখ জুড়ায়"- ব্যাখ্যা কর।

গ) 'জন্মভূমি' কবিতার কবি যেন আলম খান চরিত্রেরই অন্যরূপ"- ব্যাখ্যা কর।

ঘ) "গ্রামের সৌন্দর্য তাকে মুগ্ধ করে"- উক্তিটি 'জন্মভূমি' কবিতার আলোকে মূল্যায়ন কর।

জ্ঞানমূলক প্রশ্ন:

১) গগনে কী হেসে ওঠে?
২) কবির অঙ্গ জুড়ায় কীসে?
৩) 'ডাকঘর' রবীন্দ্রনাথের কোন ধরনের রচনা?
৪) বাংলা কত সালে রবীন্দ্রনাথ ঠাকুর মৃত্যু বরণ করেন?
৫) রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরুস্কার পান?
৬) 'শেষের কবিতা' রবীন্দ্রনাথের কোন ধরনের রচনা?
৭) কোন কাব্যের জন্য রবীন্দ্রনাথ নোবেল পুরুস্কার পান?
৮) কাকে ভালো বেসে কবির জন্ম সার্থক হয়েছে?
৯) নয়ন শব্দের ২টি সমার্থক শব্দ লিখ।
১০)রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম কোন পরিবারে?

## আয়না
## জসীমউদ্দিন

- শব্দার্থ
- লেখক পরিচিতি

**সৃজনশীল প্রশ্নোত্তর**

**১। মিনাদের বাড়ির কালো বিড়ালটি সেদিন দুপুরে ফকফকে রোদের মাঝে বাড়ির পাশের পুকুরে পানি খেতে আসলো। পুকুরের পাড়ে দাঁড়িয়ে পানিতে মুখ দিতে গিয়ে সে দেখল পানিতে তারই মত অন্য একটি বিড়াল তার দিকে তাকিয়ে আছে। সে বিড়ালটিকে দেখে রাগে গড়গড় করতে লাগল।**

**ক) জসীমউদ্দীন কত খ্রিষ্টাব্দে, কত তারিখে মৃত্যুবরণ করেন?**

**খ) 'সতিনের মেয়ে সতিন' উক্তিটি কে, কেন করেছে?**

**গ) উদ্দীপকে 'আয়না' গল্পটির যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর।**

**ঘ) উদ্দীপকের বিড়ালটির সাথে আয়না গল্পের চাষির বউয়ের সাথে গ্রাম বাংলার নারীদের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে, তা বিশ্লেষণ কর ।**

২। সাজিদ তার বড় ভাইয়ের সাথে পূর্ণিমার রাতে পুকুর পাড়ে হাঁটতে বেরোয়। হঠাৎ সাজিদ বলে উঠল বাহ ! আকাশেও চাঁদ, পুকুরেও চাঁদ। বড় ভাই বলল, ‘পুকুরে চাঁদ নয়, চাঁদের প্রতিবিম্ব।’

ক) চাষি আয়নাটি কোথায় লুকিয়ে রেখেছিল?

খ) চাষির বউ রাগান্বিত হয়েছিলো কেন?

গ) ‘বাহ! আকাশেও চাঁদ, পুকুরেও চাঁদ।’ উদ্দীপক ও ‘আয়না’ গল্পের আলোকে ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের সাজিদ এবং গল্পের চাষি কোন দিক থেকে একে অন্যের প্রতিরূপ? বিশ্লেষণ কর।

### জ্ঞানমূলক প্রশ্ন:

১) আয়নার প্রকৃত মালিক কে?
২) চাষি ধানক্ষেতে কী কুড়িয়ে পেল?
৩) আয়না খুঁজে পাওয়ার সময় চাষী কী করেছিল?
৪) আয়নাটি কোথা থেকে পড়েছিলো?
৫) ‘এক পয়সার বাঁশি’ কাব্যগ্রন্থটি কে রচনা করেন?
৬) আয়না গল্পের লেখক কে?
৭) চাষী কখন ঘরে ফিরে আসল?
৮) আয়নাটি চাষী কোথায় লুকিয়ে রাখলো?
৯) আয়নায় দেখা চেহারাকে চাষী কাকে মনে করলো?
১০)জসীমউদ্দিন কত সালে জন্মগ্রহণ করেন?
১১)কবি জসীমউদ্দিনকে সকলে কী নামে চেনে?